JAN 3 1 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...



*ঝিনাইদহের সরকারী বালিকা বিদ্যালয়ের ভিতরে ছাত্রীদের ভর্তি পরীক্ষা চলিতেছে। বাহিরে অভিভাবকদের ভিড় —ইত্তেফাক*

# ঝিনাইদহে ভাল স্কুলে শিক্ষার্থীদের ভর্তি যুদ্ধ

ঝিনাইদহ সংবাদদাতা ।। মফস্বল জেলা শহর ঝিনাইদহে ভাল স্কুলে ভর্তি হওয়া কষ্টকর। বিশেষ করিয়া সরকারী বালিকা বিদ্যালয়, সরকারী বালক বিদ্যালয়, কাঞ্চননগর স্কুল এবং শিশুকুঞ্জ স্কুলগুলির মত নামী স্কুলগুলিতে।

সরকারী বালিকা বিদ্যালয়ে ৪র্থ শ্রেণী হইতে ছাত্রী ভর্তি করা হইয়া থাকে। নির্ধারিত আসন সংখ্যা হইতেছে ৪০টি। গত ২৩শে জানুয়ারী ছিল ভর্তি পরীক্ষার দিন। দুইশত সতেরজন ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। ৫ম শ্রেণীতে ২-৫ জন মেধাবী ছাত্রী ভর্তি করা হইবে। আর এই জন্য ৮০ জন ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। অর্থাৎ বড় শহরের ন্যায় ভর্তি যুদ্ধের আলামত এখানেও দেখা দিয়াছে। সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে নানা সমস্যা বিরাজমান। শিক্ষিকার অভাব আছে। মাত্র ১৪ জন শিক্ষিকা দিয়া স্কুল চালান হইতেছে। ইহাছাড়াও বেঞ্চ ও শ্রেণী কক্ষের অভাব রহিয়াছে। তবুও এই স্কুলে ভর্তির জন্য ২৩শে জানুয়ারী ছাত্রীদের অভিভাবক ও ভাই-বোনদের দারুণ ভিড় লক্ষ্য করা যায়। সরকারী বালক বিদ্যালয়েও আসনের চাইতে অধিক ছাত্র ভর্তির জন্য ভিড় করে। ভর্তিযুদ্ধে অংশ নিয়া অনেকে ব্যর্থ হয়। কাঞ্চননগর স্কুলে ৬ষ্ঠ শ্রেণীতে আসন হইতেছে ৬০টি। অথচ শতাধিক ছাত্র ভিড় করে। এই স্কুলেও ভর্তির চাপ অত্যধিক বলিয়া প্রধান শিক্ষক জানান। মানুষ শহরমুখী হওয়ায় গ্রামের স্কুলগুলিতে ছাত্রের অভাব থাকে বলিয়া জানা যায়। তবে উপজেলা সদরের হাইস্কুল ও পুরাতন স্কুল গুলিতে ছাত্র-ছাত্রীর ভিড় আছে।